IBSA

Caring Innovation

# বাড়িতে নিজে ইনজেকশন নেওয়ার জন্য ধাপে ধাপে নির্দেশিকা

(ত্বকের নীচে ইনজেকশনের জন্য)

নিজে ইনজেকশন নেওয়ার ভিডিও গাইড দেখতে স্ক্যান করুন:

**আরো তথ্যের জন্য অনুগ্রহ করে দেখুন:**

**WWW.IBSAPHARMA.CO.UK**

প্রস্তুতির তারিখ: ফেব্রুয়ারি 2023

অনুমোদন য়হাকাড: UKCOR00158

# ভূমিকা

আপনি চিকিৎসা শুরু করার আগে, নিম্নলিখিত আইটেমগুলি অন্তর্ভুক্ত করা হয়েছে তা নিশ্চিত করতে আপনার হোম কেয়ার কিটের উপাদানগুলি পরীক্ষা করুন:

20 x 2 মিলি সিরিঞ্জ
20 x সবুজ ড্রয়িং আপ সূচ
20 x হলুদ ইনজেকশন সূচ
20 x স্বচ্ছ প্লাস্টিকের অ্যাম্পুল স্ন্যাপার
1 x প্লাস্টিকের শার্প্স বিন

শীর্ষটি শার্প্স বিনের গোড়ায় সুরক্ষিত করুন, কিন্তু ঢাকনা বন্ধ করবেন না।

পরীক্ষা করুন যে আপনার প্রেসক্রিপশনে উল্লিখিত উর্বরতার ওষুধের শিশিগুলির সঠিক সংখ্যা এবং শক্তি আছে।

উর্বরতার ওষুধের শিশিগুলির মতো একই সংখ্যক সলভেন্ট অ্যাম্পুল থাকা উচিত।

বাড়িতে নিজে ইঞ্জেকশন নেওয়া এবং শার্প্স বিনের ব্যবহার সম্পর্কে একজন বিশেষজ্ঞ ইতিমধ্যেই আপনার সাথে কথা বলবেন। এই পুস্তিকাটি এবং এতে যে কিটের উল্লেখ আছে তা সাবকিউটেনিয়াস ইনজেকশন (ত্বকের নীচে ইনজেকশন) এর উদ্দেশ্যে।

শার্প্স বিনটি পূর্ণ হয়ে গেলে বা আপনি আপনার সমস্ত চিকিৎসা শেষ করে ফেললে, শার্প্স বিনের ঢাকনাটি সিল করুন এবং আপনার ক্লিনিকের নির্দেশ অনুসারে এটি বাতিল করুন।

আপনি প্রথম ইনজেকশনটি প্রস্তুত করার আগে, আপনার হাত ধুয়ে নিন এবং নিশ্চিত করুন যে আপনার কাছে একটি পরিষ্কার কাজের পৃষ্ঠতল আছে, যার উপরে আপনার প্রয়োজনীয় সমস্ত জিনিসগুলি রাখা হবে:-

1. একটি অ্যাম্পুল স্ন্যাপার
2. একটি 2 মিলি সিরিঞ্জ
3. একটি লম্বা, সবুজ ড্রয়িং আপ সূচ
4. একটি ছোট, হলুদ ইনজেকশনের সূচ
5. আপনার ওষুধ

যদি সূচ বা সিরিঞ্জের প্যাকেজিং ক্ষতিগ্রস্ত হয় যার ফলে জীবাণুমুক্ত সীলটি ভেঙে যায়, তাহলে সেই সিরিঞ্জ বা সূচগুলি ব্যবহার করবেন না, সেগুলিকে শার্প্স বিনে ফেলে দিন।

আপনার প্রথম ইনজেকশনের জন্য সঠিক সংখ্যক শিশি (ওষুধ) ও অ্যাম্পুলগুলি (সলভেন্ট)
আপনার প্রস্তুত করা পৃষ্ঠের উপরে রাখুন।

# 1. সিরিঞ্জ এবং সূচ প্রস্তুত করা



একটি লম্বা, সবুজ ড্রয়িং আপ সূচের মোড়ক খুলুন।

এর প্যাকেজিং থেকে একটি সিরিঞ্জ বের করুন।

ড্রয়িং আপ সূচের সুরক্ষামূলক ঢাকনাটি নিজের জায়গায় রেখে সূচটি সিরিঞ্জের সাথে সংযুক্ত করুন।

সিরিঞ্জ ও সূচটি কাজের পৃষ্ঠের উপরে রাখুন।

# 2. সলভেন্টের অ্যাম্পুল খোলা



অ্যাম্পুলের গলায় দৃশ্যমান রঙিন বিন্দুর নীচে, কাচটি ভাঙ্গা সহজ করার জন্য কাচে স্কোর করা হয়েছে। সলভেন্টের একটি অ্যাম্পুল নিন এবং উপরের অংশে হালকাভাবে টোকা দিন যাতে উপরের অংশের যে কোনও তরল চেম্বারটির নীচে নেমে যায়।

বিন্দুটি আপনার থেকে দূরে রেখে এক হাতে অ্যাম্পুলটি ধরুন, এবং অন্য হাত দিয়ে অ্যাম্পুল স্ন্যাপারের সরু প্রান্তটিকে অ্যাম্পুলের শীর্ষের উপরে শক্তভাবে বসান যতক্ষণ না এটি ক্লিক আওয়াজ করে সঠিক জায়গায় বসে যায়।

অ্যাম্পুলের নীচের অংশটি এক হাতে শক্তভাবে ধরে রাখুন এবং অন্য হাত দিয়ে অ্যাম্পুল স্ন্যাপারটিকে আপনার দিকে টেনে অ্যাম্পুলের শীর্ষটি ভেঙে ফেলুন।

খোলা অ্যাম্পুলটি কাজের পৃষ্ঠের উপরে রাখুন। ভাঙ্গা প্রান্ত এবং অ্যাম্পুল স্ন্যাপারটি শার্পস বিনে ফেলে দিন।

# 3. সলভেন্টটি সিরিঞ্জের মধ্যে টানা



প্রস্তুত করা সিরিঞ্জটি নিন এবং সূচের ঢাকনাটি সরান।

এক হাতে সিরিঞ্জ এবং অন্য হাতে খোলা অ্যাম্পুলটি নিয়ে, সূচটি সলভেন্টের মধ্যে ডোবান। পুরো তরলটি সিরিঞ্জের ভিতরে টেনে নিন, নিশ্চিত করুন যে সূচের ডগা তরলের পৃষ্ঠের নীচে আছে।
এটি সিরিঞ্জে বাতাস প্রবেশের সম্ভাবনা হ্রাস করে।

সূচের উপরের সুরক্ষামূলক ঢাকনাটি পুনরায় লাগান এবং খালি অ্যাম্পুলটি শার্পস বিনে ফেলে দিন।

# 4. ইনজেকশনের জন্য ওষুধ প্রস্তুত করা

ওষুধের (সাদা পাউডার) একটি শিশি নিন এবং সুরক্ষামূলক প্লাস্টিকের ছিপিটি খুলে শিশির শীর্ষে একটি রাবার মেমব্রেন উন্মুক্ত করুন।

সিরিঞ্জটি নিন এবং সূচ থেকে সুরক্ষামূলক ঢাকনাটি সরান।

সূচ দিয়ে শিশির উপরের রাবার মেমব্রেনটি ফুটো করুন এবং ধীরে ধীরে সাদা পাউডারের শিশির ভিতরে তরলটি প্রবেশ করান।

শিশি ঝাঁকানোর প্রয়োজন ছাড়াই সাদা পাউডার অবিলম্বে গুলে যায়।

ধীরে ধীরে সিরিঞ্জের মধ্যে দ্রবণটি টানুন।



যদি আপনাকে প্রতি ইনজেকশনের জন্য ওষুধের একাধিক শিশি প্রেসক্রাইব করা হয়ে থাকে, তাহলে সিরিঞ্জে আগে থেকে থাকা দ্রবণটি ধাপ 4 পুনরাবৃত্তি করে পরবর্তী শিশিতে ইনজেকশন দিন।

সলভেন্টের একটি অ্যাম্পুলে (1 মিলি) সর্বাধিক যতগুলি শিশি দ্রবীভূত করা যেতে পারে সেই বিষয়ে আপনার ওষুধের প্যাকে থাকা লিফলেটে তথ্য আছে।

# 5. ইনজেকশনের জন্য সিরিঞ্জ প্রস্তুত করা

যখন সঠিক সংখ্যক শিশির উপাদান সিরিঞ্জের মধ্যে টানা হয়ে যায়:

সূচের মধ্যে কোনও তরল অবশিষ্ট নেই তা নিশ্চিত করতে প্লাঞ্জারটিকে সামান্য পিছনের দিকে টানুন।

ড্রয়িং আপ সূচের উপরের সুরক্ষামূলক ঢাকনাটি পুনরায় লাগান।



সিরিঞ্জ থেকে সূচটি আলাদা করুন এবং খালি শিশিগুলির সাথে শার্পস বিনে ফেলে দিন।

প্যাকেজিং থেকে ছোট, হলুদ ইনজেকশনের সূচটি বের করুন এবং সিরিঞ্জের সাথে দৃঢ়ভাবে সংযুক্ত করুন।

# 6. ম্যানুয়াল উপায়ে ইনজেকশন দেওয়া

সূচের সুরক্ষামূলক ঢাকনা খুলুন এবং সিরিঞ্জে হাওয়ার বুদবুদ আছে কিনা তা পরীক্ষা করুন।

সূচটি উপরের দিকে নির্দেশ করে সিরিঞ্জটি ধরে রাখুন এবং আপনার আঙুল দিয়ে সিরিঞ্জে হালকাভাবে টোকা দিন যতক্ষণ না সমস্ত বুদবুদ উপরের দিকে জমা হয়।



সমস্ত বুদবুদ বেরিয়ে না যাওয়া এবং সূচের প্রান্তে এক ফোঁটা তরল উপস্থিত না হওয়া পর্যন্ত সিরিঞ্জের প্লাঞ্জারটিকে আলতোভাবে চাপুন।

আপনি এখন ইনজেকশন দিতে প্রস্তুত যা অবশ্যই অবিলম্বে করতে হবে।

আপনার বিশেষজ্ঞ আপনাকে পরামর্শ দেবেন কোথায় ইনজেকশন দিতে হবে, যেমন পেট, উরুর সামনে – এবং কিভাবে ইনজেকশনের স্থানটি প্রস্তুত করতে হয়।



বিশেষজ্ঞের পরামর্শ অনুযায়ী আপনার বেছে নেওয়া ইনজেকশনের স্থানটি প্রস্তুত করুন।

ত্বককে দৃঢ়ভাবে একসাথে চিমটি দিয়ে ধরুন এবং 45° থেকে 90° কোণে সূচটি ঢুকিয়ে ত্বকের নিচে ইনজেকশন দিন, যেভাবে আপনাকে শেখানো হয়েছিল।

কোনও শিরার মধ্যে সরাসরি ইনজেকশন দেবেন না।

সমস্ত তরল ইনজেকশন দেওয়ার জন্য যতটা সময় প্রয়োজন ততটা সময় নিয়ে প্লাঞ্জারে চাপ দিয়ে দ্রবণটি ইনজেকশন দিন।



বিশেষজ্ঞের পরামর্শ অনুযায়ী সূচটি টেনে বের করুন এবং ত্বক পরিষ্কার করুন।

ব্যবহৃত সিরিঞ্জ, ইনজেকশনের সূচ এবং অবশিষ্ট যে কোনও খালি অ্যাম্পুল বা শিশি শার্পস বিনে ফেলে দিন।

শার্পস বিনটি পূর্ণ হয়ে গেলে বা আপনি আপনার সমস্ত চিকিৎসা শেষ করে ফেললে, শার্পস বিনের ঢাকনাটি সিল করুন এবং আপনার ক্লিনিকের নির্দেশ অনুসারে এটি বাতিল করুন।

IBSA

Caring Innovation

# প্রতিকূল ঘটনা

আপনি যদি কোনো পার্শ্বপ্রতিক্রিয়া অনুভব করেন, তাহলে আপনার ডাক্তার, ফার্মাসিস্ট বা নার্সের সাথে কথা বলুন। প্যাকেজের লিফলেটে তালিকাভুক্ত নয় এমন সম্ভাব্য পার্শ্বপ্রতিক্রিয়াগুলি এতে অন্তর্ভুক্ত আছে।

আপনি হলুদ কার্ড স্কিমের (Yellow Card Scheme) মাধ্যমেও সরাসরি পার্শ্ব প্রতিক্রিয়াগুলি সম্পর্কে রিপোর্ট করতে পারেন **https:/yellowcard.mhra.gov.uk/** এ।

পার্শ্ব প্রতিক্রিয়াগুলি সম্পর্কে জানানোর দ্বারা, আপনি এই ওষুধের নিরাপত্তা সম্পর্কে আরো তথ্য দিতে সাহায্য করতে পারেন।

IBSA Pharma Limited

Sullivan House,
4-6 Colonial Business Park,
Colonial Way,
Watford WD24 4PR

WWW.IBSAPHARMA.CO.UK
টেলি: +44 (0)1923 233 466